

ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস পাবলিক স্কুল এন্ড কলেজ

ঢাকা সেনানিবাস, ঢাকা।

সূত্রঃ প্রশা-২০৮/_____/২০২৬

তারিখ _____ মে ২০২৬

দরপত্র বিজ্ঞপ্তি

এই প্রতিষ্ঠানের ইংলিশ ভবন বিল্ডিং এর জানালা সমূহ অনেক পুরোনো হওয়ায় অধিকাংশ জানালা ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। এমতাবস্থায় উক্ত জানালাসমূহ পরিবর্তন করে নতুন অ্যালুমিনিয়াম থাই গ্লাস স্থাপনের লক্ষ্যে প্রকৃত ঠিকাদারের নিকট হতে দরপত্র আহবান করা হচ্ছেঃ

ক্র/নং	বিবরণ	পরিমাণ/ধরণ
০১	বড় জানালা	৭৪ (প্রতি জানালা ২২.৫ এসএফটি)
০২	ছোট জানালা	৩৩ টি (প্রতি জানালা ২০ এসএফটি)
০৩	থাইয়ের ধরণ	Kai Aluminium
০৪	গ্লাসের পুরুত্ব	৫ mm
০৫	গ্লাসের রং	সাদা
০৬	থাইয়ের পুরুত্ব	১.১ mm
০৭	থাইয়ের রং	কফি কালার
০৮	গ্লাসের কোম্পানীর নাম	Nasir Glass
০৯	থাইয়ের চাকা	এসএস

শর্তাবলীঃ

- ১। প্রকৃত ঠিকাদারগণ দরপত্র (১০০০ টাকাসহ) নিজস্ব প্যাডে আগামী ০৮/০৬/২০২৬ তারিখ দুপুর ১২০০ ঘটিকার মধ্যে প্রতিষ্ঠানের ১নং গেইটে রক্ষিত দরপত্র বাক্সে মুখ বন্ধ খামে জমা দিবেন।
- ২। দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়ঃ ০৯/০৬/২০২৬ দুপুর ১২৩০ ঘটিকায় (দরদাতাদের উপস্থিতিতে, যদি কেউ উপস্থিত থাকেন)।
- ৩। জানালার গ্লাস খুলে নিয়ে যাবেন এবং প্লাস্টার করে থাই ফিটিং করে দিবেন (গ্রীল ছাড়া)। লকগুলো উন্নতমানের দিতে হবে।
- ৪। কর্তৃপক্ষ কোন কারণ না দর্শিয়ে যে কোন দরপত্র গ্রহণ, পরিবর্তন অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা রাখেন এবং সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নহেন।
- ৫। কাজ হস্তান্তর করার সময় মোট বিলের ১০% পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য জামানত হিসেবে জমা থাকবে।
- ৬। কার্যাদেশ পাওয়ার পর নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করতে না পারলে প্রতি দিনের জন্য ০১% হারে জরিমানা ধার্য করা হবে।
- ৭। কাজ সম্পন্ন হওয়ার ০৬ মাসের মধ্যে গ্লাসে কোন ধরণের ফাটল অথবা এসএস চাকায় মরিচা ধরলে নিজ খরচে তা মেরামত করে দিতে হবে।
- ৮। কাজ সম্পন্ন হওয়ার পরে কর্তৃপক্ষের পরিদর্শন শেষে সন্তোষজনক মতামতের ভিত্তিতে বিল পরিশোধ করা হবে।

অধ্যক্ষ